এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** হাবিব বোনের বাড়িতে 'নাইট কুইন' ফুল দেখে বলে— দেখো দুলাভাই, কী অপরূপ আল্লাহর সৃষ্টি! দুলাভাই রাজিব বলে, এটি প্রাকৃতিকভাবে সৃষ্টি হয়েছে। পলাশ তাতে একমত নয়। বাড়ি ফেরার পথে হাটের এক প্রান্তে পলাশ একটি বিরাট জটলা দেখতে পায়। এক তাবিজ বিক্রেতা বিভিন্ন গাছের ছাল-মূল, বিভিন্ন প্রাণীর হাড়, চামড়া, পশম ইত্যাদি পুটলিতে ভর্তি করে বলছে— এটি আপনাদের সোনামণিদের সকল রোগ-বালাই, বালা-মুছিবত থেকে রাক্ষা করবে।

ক. 'তাওহিদ' এর বিপরীত কী? ১

খ. মুনাফিকরা সমাজে অপমানিত ও লাঞ্ছিত কেন? ২

গ. তাবিজ বিক্রেতার বক্তব্যে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাজিবের বক্তব্যকে তুমি কি সমর্থন কর? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

**২.▶** মিজান স্যার একজন মুমিন মুত্তাকি ব্যক্তি। আল্লাহর ইবাদতের পাশাপাশি তার পেশা শিক্ষকতার দায়িত্ব যথাযথভাবে পালন করেন। আল্লাহর কাছে জবাবদিহিতার ভয় তাকে দায়িত্বশীল, সৎকর্মশীল ও কলুষমুক্ত করে তুলেছে। তার নিকটাত্মীয় সোহেল সাহেবের ব্যাপারে জিজ্ঞাসা করা হয়— যিনি যুক্তি দিয়ে বেড়ান। মানুষের হিদায়াতের জন্য এখানে নবি-রাসুল আসার প্রয়োজনীয়তা রয়েছে। উত্তরে মিজান স্যার বলেন, সোহেল সাহেবের বক্তব্য সম্পূর্ণ ইসলাম বিরোধী।

ক. 'ইয়াওমুল বা আছ' অর্থ কী? ১

খ. 'আসমানি কিতাব' বলতে কী বোঝ? ২

গ. মিজান স্যারের চরিত্রে কীসের প্রভাব বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. সোহেল সাহেব সম্পর্কে মিজান স্যারের বক্তব্যটি কুরআন ও হাদিসের আলোকে মূল্যায়ন কর। ৪

**৩.▶** রাসেল চৌধুরী সমাজের নেতৃস্থানীয় লোক। ভোটে জয়লাভ করার জন্য তিনি মুসল্লী সেজে সালাত আদায় করে। পিতৃ-মাতৃহীন ভাতিজা তার কাছে সম্পত্তি চাইলে তিনি দুর দুর করে তাকে তাড়িয়ে দেন। পক্ষান্তরে, তার বড় ভাই রাহাত চৌধুরী একজন সৎকর্মশীল ও পুণ্যবান মানুষ। নেক কাজে তিনি সদা পরিব্যস্ত।

ক. نعمة অর্থ কী? ১

খ. 'অবশ্যই কষ্টের সাথে স্বস্তি রয়েছে' বুঝিয়ে লেখ। ২

গ. রাসেল চৌধুরী কোন ধরনের লোক? সংশ্লিষ্ট সূরার আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. রাহাত চৌধুরী পরকালে অশেষ অফুরন্ত পুরস্কার লাভ করবেন— সূরা আত-তীন অবলম্বনে উক্তিটি মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

৪.▶ রফিক ও শফিক শিক্ষিত যুবক। অনেক চেষ্টা করে চাকরি না পেয়ে রফিক বাবার জমিতে চাষাবাদ ও বিভিন্ন ফল, বনজ ও ভেষজ বৃক্ষের নার্সারি শুরু করে দেন এবং সুনামও অর্জন করেন। তেমনি শফিকও ফলের দোকান দেন। তিনি ফলে ফরমালিন মিশান না, ওজনে কম দেন না এবং ক্রেতা সাধারণের নিকট যৌক্তিক মূল্য নেন। তিনিও তার ব্যবসায় সুনাম অর্জন করেন।

ক. 'মাকতু হাদিস' কাকে বলে? ১

খ. মুমিন ব্যক্তির সকল কাজই কল্যাণকর— বুঝিয়ে লেখ। ২

গ. রফিকের কাজটি কীরূপ? সংশ্লিষ্ট হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. সংশ্লিষ্ট হাদিসের আলোকে শফিকের কাজটির স্বরূপ ও সুফল বিশ্লেষণ কর। ৪

৫.▶ শান্ত রমজান মাসে ইমাম সাহেবকে বলে, জামায়াতের সাথে তারাবির সালাতের ভিত্তি কুরআন ও হাদিসের কোথাও নেই। এটি তার কাছে মনে হয় অনৈসলামিক অন্যদিকে চঞ্চল চুরি, ডাকাতি, সন্ত্রাস, চাঁদাবাজি ও প্রতারণার মাধ্যমে উপার্জিত সম্পদ দিয়ে জীবন নির্বাহ করে। তার মতে এতে কোনো ক্ষতি নেই।

ক. কিয়াস করার ক্ষেত্রে কয়টি নীতি অনুসরণীয়? ১

খ. ফরজে আইন বলতে কী বোঝ? ২

গ. শান্তর বক্তব্যটি কীসের পরিপন্থি? ব্যাখ্যা কর। ৩

ঘ. চঞ্চলের কাজটির কুফল ও পরিণতি ব্যাখ্যা কর। ৪

৬.▶ হাসান সাহেব ও হাসিনা বেগম স্বামী-স্ত্রী উভয়ই বিত্তশালী। হাসান সাহেব সমাজের আর্ত-পীড়িত, দুর্গত-দুস্থ-দরিদ্র জনতার প্রতি শুধুমাত্র সহানুভূতি, দয়া কিংবা অনুগ্রহ প্রদর্শনের জন্য যাকাত দিয়ে থাকেন। হাসিনা বেগম এবার হজে গিয়েছেন। নিছক মক্কা-মদিনার ঐতিহাসিক স্থানগুলো দর্শনের জন্য তার এ হজে যাওয়া।

ক. জামায়াতের সাথে সালাত আদায় করা কার নির্দেশ? ১

খ. সংক্ষেপে সাওমের নৈতিক শিক্ষা লেখ। ২

গ. হাসান সাহেবের যাকাত দানের উদ্দেশ্য শরিয়ত সম্মত কি না? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'হাসিনা বেগমের হজ ইবাদত হিসেবে গণ্য হবে না'— ইসলামের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭.▶ সালিহা আনোয়ার একজন শিক্ষক। তিনি কারণ থাকা সত্ত্বেও শিক্ষার্থীদের গালমন্দ করেন না, ধমক দেন না কিংবা মারধরও করেন না। পক্ষান্তরে, তার ছোট ভাই শিল্পপতি সালেহ আহমদ তার ফ্যাক্টরিতে শ্রমিকদের ওভার ডিউটির টাকা দেন না। ফলে শ্রমিক অসন্তোষ দেখা দেয়।

ক. 'দীনি ইলম' কী? ১

খ. জিহাদ ও সন্ত্রাসবাদের মধ্যকার পার্থক্য লেখ। ২

গ. সালিহা আনোয়ার তার পেশাগত কাজে কাকে অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ইসলামি শ্রমনীতি অনুসরণ না করাই সালেহ আহমদের ফ্যাক্টরিতে শ্রমিক অসন্তোষের কারণ'— এর যথার্থতা নিরূপণ কর। ৪

http://teachingbd.com

৮.▶ রাতের খাবারের পর আগামীকাল গ্রামের বাড়ি ঘুরে আসার জন্য রানা ও রাণী, মা শিক্ষা অফিসার রেবেকা সুলতানাকে তার সরকারি গাড়িটি ব্যবহারের আবদার করে। তিনি বলেন, সরকারি গাড়ি ব্যক্তিগত কাজে ব্যবহার করা ঠিক নয়। অথচ শহরের প্রভাবশালী রায়হান গং তার নানা সমালোচনা ও কুৎসা রটনা করে বেড়ান।

ক. 'তাকওয়া' কাকে বলে? ১

খ. একজন মুমিন ওয়াদা পালন করবে কেন? ২

গ. শিক্ষা অফিসার রেবেকা সুলতানার চরিত্রে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রায়হান গং এর কাজটির কুফল ও পরিণতি কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯.▶ সম্মানীপুর গ্রামে নানা সম্প্রদায়ের লোকজনের বাস। এখানে মুসলিম অমুসলিম পরস্পর ঐক্য, সংহতি ও সহযোগিতার বন্ধনে আবদ্ধ। এ গ্রামের যুবকদের একটি 'সবুজ সংঘ' রয়েছে। তারা এর মাধ্যমে ক্ষুধার্তকে অন্ন দান, বস্ত্রহীনকে বস্ত্র দান, অসহায়কে আশ্রয় দান, নিঃস্ব-দুস্থদের আর্থিক সাহায্য ও রোগীর চিকিৎসার ব্যবস্থা করে থাকে।

ক. 'মিতব্যয়িতা' কাকে বলে? ১

খ. কর্তব্যপরায়ণতা সাফল্য লাভের প্রধানতম হাতিয়ার— বুঝিয়ে লেখ। ২

গ. সম্মানীপুর গ্রামে কী প্রতিষ্ঠিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সবুজ সংঘের কর্মকাণ্ড ইসলামের আলোকে মূল্যায়ন কর। ৪

১০.▶ মাহবুব চেয়ারম্যান এলাকায় আইনের শাসন প্রতিষ্ঠা করে শান্তি ফিরিয়ে আনেন। তার পার্শ্ববর্তী ইউনিয়নের মাহমুদ চেয়ারম্যান নিজ অর্থে মঙ্গার সময় খাদ্য বিতরণ করেন। পানি কষ্ট দূর করার জন্য নকলকূপ স্থাপন করেন। জমি কিনে একটি মসজিদের ব্যবস্থা করেন।

ক. ইসলামের ত্রাণকর্তা কে? ১

খ. হযরত আলী (রা)'র জ্ঞান সাধনা সম্পর্কে লেখ। ২

গ. মাহমুদ চেয়ারম্যান কোন খলিফাকে অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মাহবুব চেয়ারম্যানের মাঝে হযরত উমর (রা) এর প্রভাব বিদ্যমান বিশ্লেষণ কর। ৪

১১.▶ তিন্নির বাবা একজন অভিজ্ঞ চিকিৎসক। তিনি এক মেডিকেল কলেজের শল্য চিকিৎসা বিভাগের বিভাগীয় প্রধান। তিনি অনেক কঠিন অস্ত্রপচার করেন। চিকিৎসা বিজ্ঞানের ওপর তিনি অনেক গ্রন্থ রচনা করেন।

ক. 'ইমাম আজম' কার উপাধি? ১

খ. ইমাম গাযযালি (র) কে 'হুজ্জাতুল ইসলাম' বলা হয় কেন? ২

গ. কোন মুসলিম চিকিৎসা বিজ্ঞানীর সাথে তিন্নির বাবার দক্ষতার সাদৃশ্যতা রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. একজন আদর্শ চিকিৎসক হিসেবে তিন্নির বাবা কোন কোন মুসলিম চিকিৎসা বিজ্ঞানীকে অনুসরণ করতে পারেন? বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান — ৩০  বিষয় কোড : | ১ | ১ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. যিনি ইসলাম অনুসারে জীবন পরিচালনা করেন, তাকে বলা হয়-**
ⓚ মুমিন  ⓧ মুসলিম
ⓖ ইমাম  ⓖ রাসূল

**২. আমরা কেন পুনরুত্থানে বিশ্বাস করব?**
ⓚ ইমানের অপরিহার্য বিষয়
ⓧ মুমিন হিসেবে গণ্য করবে
ⓖ লোকজন মান্য করবে
ⓖ লোকজন সম্মান করবে

**৩. জনাব ক ইসলামের গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে ঠাট্টা বিদ্রুপ করেন। জনাব 'ক' কী হিসাবে গণ্য হবেন?**
ⓚ কাফির  ⓧ মুনাফিক
ⓖ মুশরিক  ⓖ ফাসিক

**৪. হযরত মুহাম্মদ (সা.) ইনতিকালের পর যারা নবুয়তের দাবী করেছে, তারা সবাই-**
i. ভণ্ড  ii. মিথ্যাবাদী
iii. প্রতারক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii  ⓧ ii ও iii
ⓖ i ও iii  ⓖ i, ii ও iii

**৫. আল হিকমাহ শব্দের অর্থ কী?**
ⓚ সত্য  ⓧ প্রজ্ঞা
ⓖ উপদেশ  ⓖ অনুগ্রহ

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:

আজমল সাহেব একজন ব্যবসায়ী। তিনি বেশি মূল্যের জিনিসের সাথে কম মূল্যের জিনিস মিশিয়ে বিক্রি করেন এবং ভেজাল মিশ্রিত খাদ্য দ্রব্য বিক্রি করেন।

**৬. আজমল সাহেবের কাজটি কী হিসাবে গণ্য হবে?**
ⓚ কুফর  ⓧ শিরক
ⓖ নিফাক  ⓖ ফিসক

**৭. আজমল সাহেবের কর্মকাণ্ড দ্বারা-**
i. নৈতিকতা ধ্বংস হবে
ii. সমাজে লাঞ্ছিত হবে
iii. জাহান্নামী হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii  ⓧ i ও iii
ⓖ ii ও iii  ⓖ i, ii ও iii

**৮. কাতিবে ওহি বা ওহি লিখক কতজন ছিলেন?**
ⓚ ৪০ জন  ⓧ ৪২ জন
ⓖ ৪৪ জন  ⓖ ৪৫ জন

**৯. কুরআন হল নূর। কারণ-**
i. এটি মর্যাদা সমুন্নত রাখে
ii. এটি অন্তর পরিশুদ্ধ করে
iii. এটি মানবিক গুণাবলীতে উদ্ভাসিত করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii  ⓧ i ও iii
ⓖ ii ও iii  ⓖ i, ii ও iii

**১০. اجر আজরুন শব্দের অর্থ কী?**
ⓚ শহর  ⓧ নিরাপদ
ⓖ প্রতিদান  ⓖ অশেষ

**১১. হাদিসের মূল বক্তব্যকে বলা হয়-**
ⓚ মতন  ⓧ সনদ
ⓖ রাবী  ⓖ সহীহ

**১২. বৃক্ষ রোপণ কেন প্রয়োজন?**
i. পরিবেশ রক্ষায় ভূমিকা রাখে
ii. অতিবৃষ্টি হয়
iii. প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রয়োজন পূরণ করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii  ⓧ i ও iii
ⓖ ii ও iii  ⓖ i, ii ও iii

**১৩. শফিক সাহেব হালাল পশু দ্বারা কুরবানী করেছেন। হালাল পশুর গোশতে রক্ত লেগে আছে। উক্ত গোশত তিনি রান্না করে খেয়েছেন। তিনি কী হিসাবে গণ্য হবেন?**
ⓚ মুসলিম  ⓧ মুশরিক
ⓖ মুনাফিক  ⓖ কাফির

**১৪. কোন ইবাদতটি লোভ লালসা থেকে মুক্ত রাখে?**
ⓚ নামায  ⓧ যাকাত
ⓖ সাওম  ⓖ হজ্জ

**১৫. সাফা ও মরওয়া পাহাড়দ্বয়ের মাঝে সাঈ করা-**
ⓚ ফরজ  ⓧ ওয়াজিব
ⓖ সুন্নাত  ⓖ মুস্তাহাব

Teachingbd.com

http://teachingbd.com

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:

রহি সাহেব কোনাপাড়া একটি গ্রামে বাস করেন। সেখানে তিনি পরিবার পরিজনসহ অন্যান্য মানুষের হক আদায় করেন। কেউ অসুস্থ হলে তিনি তার সেবা করেন।

**১৬. রহিম সাহেবের কর্মকাণ্ডটি কোন ইবাদত হিসাবে গণ্য হবে?**

ⓚ হাক্কুল্লাহ ⓚ হাক্কুল ইবাদ

Ⓖ যাকাত Ⓖ দান খয়রাত

**১৭. রহিম সাহেবের কর্মকাণ্ডের ফলে-**

i. সমাজে গ্রহণযোগ্যতা বাড়বে
ii. আল্লাহর সন্তুষ্টি অর্জন হবে
iii. মানুষের সাথে সম্পর্ক নষ্ট হবে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৮. মক্কার বাইরের লোকদের জন্য বিদায়ী তাওয়াফ করা-**

ক) ফরজ খ) ওয়াজিব
গ) সুন্নাত ঘ) মুস্তাহাব

**১৯. ইলম কেন প্রয়োজন?**

ক) উপার্জন করতে খ) সম্মান পাওয়ার জন্য
গ) মনুষ্যত্বের বিকাশ ঘটাতে
ঘ) নিজেকে জ্ঞানী হিসাবে প্রমাণ করতে

**২০. '?**

ক) বুখারী খ) মুসলিম
গ) ইবনে মাজাহ ঘ) তিরমিজি

**২১. তাকওয়ার অভাবে-**

ক) সফল মানুষ হওয়া যায়
খ) সৎকর্মশীল হওয়া যায় না
গ) মর্যাদা লাভ করা যায়
ঘ) নৈতিকতা অর্জন করা যায়

**২২. মুমিনের অন্যতম গুণ কোনটি?**

ক) পরিচ্ছন্নতা খ) শালীনতা
গ) মিতব্যয়িতা ঘ) কর্তব্যপরায়ণতা

**২৩. মিতব্যয়িতার ফলে-**

ক) অপচয়ের কুফল থেকে রক্ষা পাওয়া যায়
খ) অশান্তি সৃষ্টি করে
গ) অভাব অনটন দেখা দেয়
ঘ) মনোমালিন্য সৃষ্টি হয়

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:

মনির ও স্বপন একই অফিসে চাকুরী করে। কিছুদিন পর মনির স্বপন থেকে ২০০০ টাকা ধার চাইল। স্বপন বলল, তোমাকে আমি এই শর্তে ধার দিতে পারি, তুমি আমাকে এক মাস পর ২১০০ টাকা দিবে। এই শর্তে তাদের মাঝে লেনদেন হয়।

**২৪. স্বপনের দাবীটি কী হিসেবে গণ্য হবে?**

ক) ঘুষ খ) সুদ
গ) দান ঘ) লভ্যাংশ

**২৫. স্বপনের পরিণতি হবে-**

i. তার প্রতি আল্লাহ অসন্তুষ্ট হবেন
ii. তার নৈতিক অবক্ষয় হবে
iii. তার স্থান জাহান্নামে হবে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৬. কোনটি মানব জীবনে অভিশাপস্বরূপ?**

ক) কর্মবিমুখতা খ) ফিতনা
গ) হিংসা ঘ) লোভ

**২৭. আদর্শকে আরবিতে কী বলে?**

ক) উছুওয়া খ) নসিহা
গ) উছওয়া ঘ) হাসানাহ

**২৮. মহানবীকে (সা.) কেন আরবের লোকেরা 'আল আমিন' উপাধি দিয়েছিল?**

i. আমানতদারির জন্য
ii. হিলফুল ফুযুল গঠনের জন্য
iii. দায়িত্বশীলতার জন্য

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৯. হযরত উমর ফারুক (রা.) কত খ্রিষ্টাব্দে খিলাফতের দায়িত্ব গ্রহণ করেন?**

ক) ৬৩৩ খ) ৬৩৫
গ) ৬৩৪ ঘ) ৬৩৬

**৩০. 'তারিখ আর ওয়াল মুলুক'— এর রচয়িতা কে?**

ক) ইবনে সিনা খ) আল রাযী
গ) ইমাম গাযালী (র)
ঘ) ইবনে জারির আত-তাবারি (রা)

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ক | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | খ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ |

Teachingbd.com

http://teachingbd.com